অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/18/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 1,000 জন নতুন নিবন্ধিত নার্সের জন্য SUNY ও CUNY বৃত্তি প্রোগ্রাম ঘোষণা করেছেন

নার্সেস ফর আওয়ার ফিউচার স্কলারশিপ নিউ ইয়র্কবাসীকে সেবা প্রদানের জন্য 1,000 জন নতুন নার্সের শিক্ষার অর্থায়ন করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে অ্যাসোসিয়েশন ফর এ বেটার নিউ ইয়র্কের (Association for a Better New York) আয়োজিত প্রাতরাশে, স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (State University of New York, SUNY) এবং সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কে (City University of New York, CUNY) নার্সেস ফর আওয়ার ফিউচার স্কলারশিপ (Nurses For Our Future Scholarship) নামক বৃত্তি প্রোগ্রাম ঘোষণা করেছেন যা SUNY ও CUNY তে রেজিস্টার্ড নার্স (Registered Nurse, RN) পাওয়ার জন্য 1,000জন নতুন স্বাস্থ্যসেবা কর্মীর পড়ার খরচ বহন করবে। স্বাস্থ্যসেবা ক্ষেত্রে ঘাটতি ও স্টেট জুড়ে হাসপাতালে কর্মী ঘাটতি সমাধানের প্রচেষ্টায় প্রোগ্রামটি এসেছে।

"মাত্র এক বছর আগে, আমরা আমাদের স্বাস্থ্যসেবা কর্মীদের বিরত্ব উদযাপন করছিলাম, এবং মহামারী আমাদের দেখিয়ে দিয়েছে যে স্বাস্থ্যসেবা শিল্পে শ্রমিক ঘাটতি নিয়ে আমরা চলতে পারবো না," **গভর্নর হোকল বলেন।**"আমি এটি ঘোষণা করতে পেরে গর্বিত যে আমাদের নার্সেস ফর আওয়ার ফিউচার স্কলারশিপ আরো নার্স প্রশিক্ষণের ক্ষেত্রে এবং তাদের আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থায় নিয়ে আসার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হবে। SUNY ও CUNY বৃত্তি আমাদেরকে আরো সমৃদ্ধ ও ন্যায়সঙ্গত নিউ ইয়র্কের দিকে ধাবিত করবে, কারণ এটি সকল নিউ ইয়র্কবাসীর যাতে প্রশিক্ষণ প্রোগ্রাম, এক, দুই ও চার বছরের ডিগ্রি অর্জন, কমিউনিটি কলেজে যাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করতে কাজ করবে; SUNY ও CUNY মধ্যবিত্তের জন্য একটি পথ তৈরি করে দিবে।"

কোভিড-19 মহামারীর শুরু থেকেই, হাসপাতালগুলি শ্রমিক ঘাটতি ও রোগীদের ব্যাপক আগমন দেখেছে। বৃত্তি প্রোগ্রামটি নকশা করা হয়েছে রেজিস্টার্ড নার্সেস ইন নিউ ইয়র্ক স্টেটে (Registered Nurses in New York State, NYSRN) সেবা প্রদানের জন্য নার্সিং ও স্বাস্থ্যসেবা পেশাদার নিয়োগ ও পুনঃপ্রশিক্ষণ প্রদানের জন্য, যেখানে সর্বাধিক প্রয়োজন রয়েছে। বর্তমানে রেজিস্টার্ড নার্সেস ইন নিউ ইয়র্ক স্টেটে 9,300 এর বেশি খালি পদ রয়েছে। নার্সেস ফর আওয়ার বেটার ফিউচারের অর্থ হল SUNY বা CUNY তে 1,000-র বেশি শিক্ষার্থী নার্সিং প্রোগ্রামে ভর্তি হতে পারবে। শিক্ষার্থীরা তাদের প্রোগ্রাম নমনীয় সময়সূচিতে, খণ্ডকালীন বা পূর্ণকালীন ভিত্তিতে শেষ করতে পারবে।

প্রচেষ্টাটি নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দাদের স্বাস্থ্যসেবা ক্ষেত্রে সক্রিয় হয়ে তাদের ক্যারিয়ার পথের দক্ষতা বৃদ্ধি করতে এবং SUNY বা CUNY সিস্টেমের মধ্যে দিয়ে তাদের শিক্ষা অগ্রসর করতে পারবে।

উপরন্তু, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার (New York State Department of Labor) বিদ্যমান ও বেকার কর্মীদের কাছে নতুন এইসব সুযোগের প্রচার করবে, যার মধ্যে রয়েছে আঞ্চলিক SUNY এডুকেশনাল অপরচুনিটি সেন্টার্সের (SUNY Educational Opportunity Centers) মাধ্যমে উচ্চ চাহিদার এন্ট্রি-লেভেল নার্স সনদের সুযোগ যার মধ্যে রয়েছে সার্টিফাইড নার্সিং অ্যাসিস্টেন্ট (Certified Nursing Assistant), লাইসেন্সড প্র্যাক্টিক্যাল নার্স (Licensed Practical Nurse, LPN) এবং নার্সিং হোম এইড (Nursing Home Aide)।

চাকরি খোঁজার সহায়তা

আজকে নিউ ইয়র্ক স্টেট জব ব্যাঙ্কে (New York State Job Bank) নিউ ইয়র্ক স্টেটের প্রায় 220,000টি চাকরি রয়েছে এবং ব্যবহারকারীরা কিওয়ার্ড, জিপ কোড এবং চাকরির পদ ও কোম্পানির নাম দিয়ে খুঁজতে দেখতে পারবে। জবজোন (JobZone) চাকরি খোঁজা ও ক্যারিয়ার ডেভেলপমেন্ট টুল ব্যবহার করে, ব্যক্তিরা তাদের ভবিষ্যৎ পরিকল্পনা করতে পারবে, রিজিউম তৈরি করতে পারবে এবং ক্যারিয়ার এক্সপ্লোর করতে পারবে।

এছাড়াও ডিপার্টমেন্ট অফ লেবার সকল শিল্পে চাকরি সন্ধানীদের জন্য সংশ্লিষ্ট বিষয় যেমন রিজিউম লেখা, চাকরি খোঁজা এবং ইন্টারভিউয়ের কৌশল নিয়ে দৈনিক লাইভ ভার্চ্যুয়াল ওয়ার্কশপ ও ওয়েবিনার আয়োজন করে। এজেন্সি ভার্চ্যুয়াল ক্যারিয়ার মেলা (Virtual Career Fairs) আয়োজনের জন্য শতাধিক ব্যবসার সাথে অংশীদারিত্ব করে যেখানে চাকরি সন্ধানীরা ব্যবসার সাথে একটি চাকরির মেলা সেটিংয়ে কথা বলতে পারবে, উপলভ্য চাকরি দেখতে পারবে এবং প্রশ্ন করার জন্য নিয়োগকারী ব্যবসায়ের সাথে সরাসরি সংযুক্ত হতে পারবে, নিজের বাড়ি থেকেই।

যারা খণ্ডকালীন কাজ খুঁজছে, তাদের জন্য স্টেটের খণ্ডকালীন নিয়োগ সুযোগের চাকরি ব্যাংক রয়েছে যেখানে নিউ ইয়র্ক স্টেটের প্রায় 30,000টি খণ্ডকালীন চাকরির তালিকা রয়েছে যা অবস্থান, চাকরির পদ ও কোম্পানি দ্বারা সাজানো আছে এবং কিওয়ার্ড দিয়েও অনুসন্ধান করা যাবে।

ব্যবসাগুলি ডিপার্টমেন্ট অফ লেবারের বিনামূল্যের প্রোগ্রাম এবং সেবা ব্যবহার করে কয়েক মিলিয়ন সম্ভাব্য চাকরি সন্ধানীর খোঁজ পেতে পারে। তারা নিউ ইয়র্ক স্টেটের জব ব্যাঙ্কে বিদ্যমান ওয়েবসাইটের সরাসরি ইন্ডেক্সিংয়ের মাধ্যমে চাকরির বিজ্ঞাপন দিতে পারে বা সহায়তা কর্মীর কাছে প্রেরণ করে তাদের নিয়োগ প্রয়োজন অনুযায়ী নিউ ইয়র্ক স্টেট ট্যালেন্ট ব্যাঙ্ক (NYS Talent Bank) থেকে সরাসরি মিলিয়ন মিলিয়ন যোগ্য চাকরি সন্ধানীদের সন্ধান পেতে পারে। এছাড়াও তারা আসন্ন ক্যারিয়ার মেলায় অংশগ্রহণ করতে পারে বা উপলভ্য কর ক্রেডিট ও অন্যান্য নিয়োগ প্রণোদনার ব্যাপারে জানতে পারে।

SUNY চ্যান্সেলর জিম মালাট্রাস বলেন, "LPN থেকে ব্যাচেলর অফ সাইন্স ইন নার্সিং (Bachelor of Science in Nursing, BSN) সকল ডিগ্রি সহ নিউ ইয়র্ক স্টেটের সকল প্রান্তে এবং অনলাইনে 70টির বেশি নার্সিং প্রোগ্রাম নিয়ে, SUNY, আমাদের স্বাস্থ্যসেবার হৃৎস্পন্দন নার্সদের বর্ধিত চাহিদা পূরণে প্রস্তুত। আমরা গভর্নর হোকলকে এই মহান কাজে যোগদানে ইচ্ছুকদের জন্য এই বৃত্তি প্রণোদনা প্রদান করার মাধ্যমে, এবং খণ্ডকালীন বা পূর্ণকালীন কলেজ করার সুযোগ প্রদান করে, যা আমাদের শিক্ষার্থীদের তাদের শিক্ষা ও জীবনের দায়িত্ব ব্যবস্থাপনায় স্থিতিস্থাপকতা প্রদান করবে, নেতৃত্ব প্রদর্শনের জন্য ধন্যবাদ জানাই। SUNY, উচ্চ শিক্ষার সর্ববৃহৎ সার্বিক ব্যবস্থা, এই সমস্যা সমাধানে প্রস্তুত।"

CUNY চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটোস বলেন, "মহামারী আমাদের স্বাস্থ্য সেবা ব্যবস্থায় চিকিৎসা প্রদানের ধারণক্ষমতা বৃদ্ধি করার প্রয়োজনীয়তাকে ভালোভাবে চিহ্নিত করেছে, এবং এই প্রস্তাবনার মুখ্য উপাদান হল বৈচিত্র্যময়, দক্ষ নার্সের পাইপলাইন বৃদ্ধি করা। সময়মত আসা এই বৃত্তি প্রোগ্রাম আরো নিউ ইয়র্কবাসীকে CUNY-র মানসম্পন্ন নার্সিং প্রোগ্রামে ভর্তি হওয়ার সুযোগ দিবে এবং এমন একটি ক্ষেত্রে ফলপ্রসূ, ভালো উপার্জনের ক্যারিয়ার তৈরি করবে যেখানে প্রয়োজন অত্যধিক। CUNY আগামী প্রজন্মের নার্সিং পেশাদারদের প্রশিক্ষণ প্রদানে অঙ্গীকারবদ্ধ এবং আমরা গভর্নর হোকলকে তার অব্যাহত সমর্থনের জন্য ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেট নার্সেস অ্যাসোসিয়েশনের (New York State Nurses Association) নির্বাহী পরিচালক প্যাট কেন, RN, বলেন, "মহামারীর সময় আমরা যারা ফ্রন্টলাইনে কাজ করছি, তাদের মতো ত্যাগ আরো কাউকে করতে হয়নি, এবং আমাদের নার্সিং র‍্যাঙ্ক পুনর্গঠনে সাহায্যকারী গভর্নর হোকলের দূরদৃষ্টিসম্পন্ন বিনিয়োগের মতো সমর্থনই আমাদের প্রয়োজন যাতে আমরা নিউ ইয়র্কবাসী যেই সেবার উপর নির্ভরশীল তা প্রদান করে যেতে পারি। যেহেতু শ্রেষ্ঠ সেবা হল সাংস্কৃতিকভাবে প্রতিক্রিয়াশীল সেবা, তাই প্রদত্ত এই 1,000 বৃত্তি স্টেটব্যাপী সকল সম্প্রদায় থেকে নিয়োগ প্রদান চালিয়ে যেতে আমাদের জন্য বিশাল সুযোগ, এবং তাদের SUNY ও CUNY-তে প্রেরণ করার মাধ্যমে তারা আমাদের উচ্চ শিক্ষার প্রতিষ্ঠানগুলিকেও জোরদার করে, যার ফলে এটি পরিষ্কার যে গভর্নর হোকল আমাদের স্বাস্থ্যসেবা কর্মী ও তরুণদের অগ্রাধিকার দিচ্ছেন - নিউ ইয়র্ককে ফেরত আনার জন্য আমাদের এমন অগ্রাধিকারই প্রয়োজন।"

অ্যাসেম্বলি সদস্য রিচার্ড গটফ্রিড বলেন, "স্বাস্থ্য সেবার সুযোগ ও মানের জন্য পর্যাপ্ত কর্মী অত্যন্ত গুরুত্বপূর্ণ। কোভিড মহামারী বিদ্যমান কর্মী ঘাটতির উপর আলোকপাত করেছে, এবং আমাদের জনগণের বয়স বৃদ্ধির সাথে সাথে চাহিদা আরো বৃদ্ধি পাবে। গুরুত্বপূর্ণ এই উদ্যোগের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি এবং আমাদের প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা কর্মীদের প্রশিক্ষণ প্রোগ্রাম আরো অগ্রসর হতে দেখতে চাই।"

হেলথকেয়ার অ্যাসোসিয়েশন অফ নিউ ইয়র্ক স্টেটের (Healthcare Association of New York State) প্রেসিডেন্ট বি গ্রাউজ, RN, জুরিস ডক্টর ইন ল (JD) বলেন, "আমাদের স্বাস্থ্যসেবার কর্মী বাহিনীর পাইপলাইনকে যত দ্রুত সম্ভব জোরদার করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি গভর্নর হোকলকে আর্থিক প্রতিবন্ধকতা যা ভবিষ্যতের সম্ভাব্য নার্সদের তাদের প্রাপ্য

শিক্ষা ও প্রশিক্ষণ থেকে বঞ্চিত করতে পারতো, তা দূর করার অতি প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য ধন্যবাদ জানাচ্ছি। আজকের পদক্ষেপ হল নিউ ইয়র্কের সম্প্রদায়ের আসন্ন বছরগুলিতে অতি প্রয়োজনীয় যত্নকারী নিশ্চিত করার দিকে একটি ধাপ।"

গ্রেটার নিউ ইয়র্ক হসপিটাল অ্যাসোসিয়েশনের (Greater New York Hospital Association) প্রেসিডেন্ট কেনেথ ই. রাস্কে বলেন, "গভর্নর হোকল হলেন স্বাস্থ্যসেবা কর্মী বাহিনীর একজন কট্টর সমর্থক যিনি বুঝেন যে হাসপাতাল সম্প্রদায়ে কর্মী সমস্যার সমাধানে সাহসী পদক্ষেপ প্রয়োজন। অতি প্রয়োজনীয় বৃত্তি প্রোগ্রামটি 1,000 জন নতুন রেজিস্টার্ড নার্সদের পড়ার খরচ প্রদান করবে যা নার্সের ঘাটতি মেটাতে সাহায্য করবে এবং উচ্চ প্রশিক্ষিত নার্সের নির্ভরযোগ্য পাইপলাইন নিশ্চিত করবে। আমরা গভর্নর হোকলের নেতৃত্ব এবং এই গুরুত্বপূর্ণ বিষয়ে তার দূরদৃষ্টির জন্য কৃতজ্ঞ।"

ঘোষণাটি এল সাম্প্রতিক বিংহ্যামটন ইউনিভার্সিটির ডেকার কলেজ অফ নার্সিং অ্যান্ড হেলথ সাইন্স (Binghamton University's Decker College of Nursing and Health Sciences) উদ্বোধনের ঠিক পরেই, যা স্বাস্থ্যসেবা শিক্ষা ও নিউ ইয়র্ক স্টেটের নার্সিং কর্মী বাহিনী সম্প্রসারণে গভর্নর হোকলের নিবেদন নিশ্চিত করে। SUNY কলেজ ও নিউ ইয়র্কের ইউনিভার্সিটিগুলিতে 70টি সম্পূর্ণ ক্রেডিটের নার্সিং ডিগ্রি প্রাকস্নাতক ও স্নাতক প্রোগ্রাম রয়েছে, যা বাড়ির স্বাস্থ্য সহায়তা থেকে ডক্টরিয়াল ও উন্নত সনদসহ 17টি ভিন্ন ক্রেডেনশিয়াল প্রদান করে। SUNY শিক্ষার্থীরা অনলাইনে বা শ্রেণীকক্ষে তাদের কঠিন কোর্সওয়ার্ক শেষ করে এবং আবশ্যক হাতে-কলমে বাস্তব অভিজ্ঞতা লাভ করার পর স্বাস্থ্যসেবা ক্ষেত্রে প্রবেশের জন্য প্রস্তুত হয়ে স্নাতক পাশ করে। প্রতি বছর CUNY-র 50টি নার্সিং অ্যাডভান্সড ক্রেডিটসহ সনদ ও ডিগ্রি প্রোগ্রাম থেকে 1,800 জন স্নাতক পাশ করে, যার মধ্যে রয়েছে 14টি CUNY ইনস্টিটিউশন থেকে সিনিয়র ও কমিউনিটি কলেজ উভয়ের প্রোগ্রামসহ LPN, অ্যাসোসিয়েট, ব্যাচেলর, মাস্টার ও ডক্টরাল প্রোগ্রাম (DNP and Ph.D.)। CUNY-র নার্সিং প্রোগ্রামগুলি স্বাস্থ্যসেবা ক্ষেত্রে সুযোগ ও অগ্রগতি বৃদ্ধির জন্য, এবং উচ্চমানের ও সকলের জন্য সমান স্বাস্থ্য সেবা প্রদানের জন্য আগামী প্রজন্মের নার্সিং পেশাদার, বিশেষ করে সবথেকে দুঃস্থ ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীতে, প্রশিক্ষণের তাদের অঙ্গীকারে একত্রিত আছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন